

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা নোয়াখালী জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রামক ঝুঁকি মোকাবেলায় করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির সভার সিদ্ধান্ত ও সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনাক্রমে এবং “সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ১১(১)(২)(৩) ধারা মোতাবেক নোয়াখালী জেলাকে অবরুদ্ধ (লকডাউন) ঘোষণা করা হলো। এ জেলায় জনসাধারণের প্রবেশ ও প্রস্থান নিষিদ্ধ ঘোষণা করা হলো। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সড়ক ও নৌ পথে অন্য কোন জেলা হতে কেউ এ জেলায় প্রবেশ করতে বা এ জেলা হতে অন্য কোন জেলায় গমন করতে পারবেন না। জেলার অভ্যন্তরে আন্তঃ উপজেলা যাতায়াতের ক্ষেত্রেও একইরূপ নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

২। সকল ধরণের গণপরিবহন, জনসমাগম পূর্বের ন্যায় বন্ধ থাকবে। তবে জনস্বার্থ বিবেচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ০৯ এপ্রিল ২০২০ তারিখে ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০-১৭৮ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত পরিষেবাসমূহ চালু থাকবে:

- জরুরি পরিষেবা যেমন: বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট এবং এতদসংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- চিকিৎসা সেবায় নিয়োজিত এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী;
- ঔষধ-শিল্প সংশ্লিষ্ট যানবাহন ও কর্মী;
- নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রী, খাদ্যদ্রব্য, শিশু খাদ্য, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং পশু খাদ্য পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- কৃষি পণ্য, সার, কীটনাশক, জ্বালানি ইত্যাদি পণ্য পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- কৃষিজ-পণ্য ও উৎপাদন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের দুগ্ধ-পণ্য উৎপাদন, খাদ্যদ্রব্য উৎপাদনসহ জীবনধারণের মৌলিক উৎপাদন ও পরিবহনকাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;
- উপরোক্ত পরিষেবাসমূহ সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী;

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১১/০৪/২০২০ খ্রিস্টাব্দ তারিখ ভোর ০৬:০০টা হতে কার্যকর হবে। আদেশ অমান্য করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২০/০৪/২০২০
তন্ময় দাস

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
নোয়াখালী ও
সভাপতি

করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি

০৩২১-৬১০২১ (অফিস)


ই-মেইল: dcnoakhali@mopa.gov.bd

তারিখ: ১০ এপ্রিল ২০২০

স্মারক নং-০৫.৪২.৭৫০০.০০১.৫১.০০৪.২০- ১০/১ (২০)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেনারেল অফিসার কমান্ডিং ও এরিয়া কমান্ডার, ৩৩ পদাতিক ডিভিশন, কুমিল্লা সেনানিবাস, কুমিল্লা
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৫. অধিনায়ক, ৪ বিজিবি, ফেনী
৬. পুলিশ সুপার, নোয়াখালী
৭. সিভিল সার্জন, নোয়াখালী
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
৯. সিনিয়র তথ্য অফিসার, নোয়াখালী
১০.
১১. অফিস নথি


২০/০৪/২০২০
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
নোয়াখালী